৬৮

আজকের কাগজ

তারিখ 30 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ৬

# ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে চাপা উত্তেজনা বিরাজ করছে

ইসলামী ছাত্র শিবিরের অব্যাহত সন্ত্রাসী কার্যকলাপের ফলে ক্যাম্পাসে চরম অচলাবস্থা বিরাজ করছে। এ সব সন্ত্রাসীদের ভয়ে সাধারণ ছাত্ররা হল ছেড়ে পালাচ্ছে। ফলে আবাসিক হল দুটোতে উপস্থিতির হার দাঁড়িয়েছে শতকরা ৩০ ভাগ। উল্লেখ্য, গত ২৫ নভেম্বর ছাত্র শিবির ও ছাত্রদলের মধ্যে সংঘটিত এক ভয়াবহ সংঘর্ষের ফলে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্যে বন্ধ হয়ে যায়। দীর্ঘদিন পর বিশ্ববিদ্যালয় খুললে শিবির পুনরায় তাদের সন্ত্রাসী চরিত্র ফুটিয়ে তোলে এবং এক পর্যায়ে ছাত্রদল নেতা সাইফুল ইসলামকে হত্যার উদ্দেশে বেধড়ক মারপিট ও ছুরিকাঘাত করে বলে অভিযোগ পাওয়া গেছে। এই ঘটনার ফলে ক্যাম্পাসে চাপা উত্তেজনা বিরাজ করছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষসহ পুলিশ প্রশাসন উপযুক্ত ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হলে পুনরায় ভয়াবহ রক্তপাতের সম্ভাবনা রয়েছে বলে অভিজ্ঞমহল আশংকা প্রকাশ করছেন। সর্বদলীয় ছাত্র ঐক্য বিশ্ববিদ্যালয়ের বর্তমান অচলাবস্থার জন্যে ভিসি আঃ হামিদকে দায়ী করে অপসারণ দাবি করেছে এবং ছাত্র ঐক্যের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে, ভিসির প্রত্যক্ষ মদদে জামাত–শিবির ক্যাম্পাসে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে। ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আব্বাসউদ্দীন আহমেদ।